

Prime Minister's meeting with Mr Bill Gates on the sidelines of COP26 in Glasgow, UK

November 02, 2021

বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ এর সম্মেলনের ফাঁকে মিঃ বিল গেটসের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

নভেম্বর ২, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২রা নভেম্বর বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ শিখর সম্মেলনের ফাঁকে মিঃ বিল গেটসের সঙ্গে বৈঠক করেছেন।

ভারতে বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন যে কাজ করছে প্রধানমন্ত্রী তার প্রশংসা করেন। উদ্ভাবন সংক্রান্ত মিশন ইনোভেশনের অগ্রগতির বিষয়ে বিল গেটস প্রধানমন্ত্রীকে বিস্তারিতভাবে জানিয়েছেন। এই মিশনের আওতায় ভারতে যে সব পদক্ষেপ গৃহীত হয়েছে, তাঁরা সে বিষয় নিয়েও আলোচনা করেন।

আলোচনায় পরিবেশবান্ধব হাইড্রোজেন জ্বালানী, বিমানের জ্বালানী, ব্যাটারির সঞ্চয় ক্ষমতা এবং টিকা নিয়ে গবেষণার প্রসঙ্গ স্থান পেয়েছে।

গ্লাসগো

নভেম্বর ২, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.